পাঠভবন
বিশ্বভারতী, শান্তিনিকেতন
প্রতিষ্ঠাতা
রবীন্দ্রনাথ ঠাকুর

প্রাক প্রাথমিক - উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

পাঠভবন প্রাক প্রাথমিক স্তর থেকে উচ্চ মাধ্যমিক শ্রেণী পর্যন্ত একটি আবাসিক বিদ্যালয়। গুরুদেব রবীন্দ্রনাথ ঠাকুর ১901 সালে শান্তিনিকেতনে এই বিদ্যালয়ের প্রতিষ্ঠা করেন। সাধারণভাবে এই প্রতিষ্ঠানের শিক্ষার মাধ্যম বাংলা । বর্তমানে শিক্ষাবর্ষ প্রতি বৎসর জুন মাসে শুরু হয়। যে সকল ছাত্র-ছাত্রীর মাতৃভাষা বাংলা নয় তাদের জন্য বিকল্প ব্যবস্থা গ্রহণ করা হয়।

ভর্তির নিয়মাবলী: নির্দিষ্ট আসন-সংখ্যার ভিত্তিতে মূলত : দ্বিতীয় শ্রেণীতে এবং যদি আসন শূন্য থাকে, তাহলে অন্যান্য শ্রেণীতে ছাত্রছাত্রী ভর্তি করা হয়। কোন্ কোন্ শ্রেনীতে আসন শূন্য আছে, তা সাধারণত নভেম্বর / ডিসেম্বর মাসে কয়েকটি মুখ্য বাংলা ও ইংরাজী সংবাদপত্রে/ বিশ্বভারতী ওয়েবসাইটে বিজ্ঞাপিত হয়।

সাধারণত, লিখিত ও মৌখিক পরীক্ষা প্রতি বৎসর মার্চ / এপ্রিল মাসে অনুষ্ঠিত হয়। দ্বিতীয় ও তৃতীয় শ্রেণীতে ভর্তি জন্য বাংলা ও অঙ্ক এবং অন্যান্য শ্রেণীতে ভর্তির জন্য বাংলা, অঙ্ক ও ইংরাজি বিষয়ে লিখিত পরীক্ষা হয়।

ছাত্রাবাস / ছাত্রীনিবাসে শূন্য আসন-সংখ্যার ভিত্তিতে ছাত্র/ছাত্রী(আবাসিক) ভর্তি করা হয়। ভর্তির জন্য নির্বচিত ছাত্র/ছাত্রী নিদিষ্ট তারিখের মধ্যে ভর্তি না হলে নির্বাচিত পরবর্তী ছাত্র/ছাত্রীকে মেধাতালিকার (waiting list) ক্রমানুসারে সেই স্থানে ভর্তি করার অগ্রাধিকার দেওয়া হয়।

নির্ধারিত বয়স সীমার অন্তর্গত তপশীলভুক্ত জাতি, উপজাতি, ও প্রতিবন্ধী ছাত্রছাত্রীদের জন্য সরকার নির্দিষ্ট হারে আসন সংরক্ষিত থাকে। এক্ষেত্রে বয়সসীমা কোনোক্রমেই শিথিলযোগ্য নয়। এরূপ ছাত্রছাত্রীদেরও ভর্তি-পরীক্ষায় নূন্যতম যোগ্যতার নির্ধারিত মান উত্তীর্ণ হওয়া একান্ত আবশ্যক।

<u>২০১০-২০১১ শিক্ষাবর্ষে পাঠভবনে আবাসিক ছাত্র/ছাত্রী ভর্তি</u>

১) **২০১০-১১ শিক্ষাবর্ষে - দ্বিতীয় ও পঞ্চম শ্রেণীতে ছেলে ও মেয়ে এবং ষষ্ঠ শ্রেণীতে কেবলমাত্র ছেলে ভর্তি করা হবে।**

2) বয়স : জন্ম তারিখ (২০১০-১১ শিক্ষাবর্ষে) হতে হবে:

দ্বিতীয় শ্রেণী	: ৬+ (৬ বৎসর থেকে ৭ বৎসরের মধ্যে-)
পঞ্চম শ্রেণী	: ৯+ (৯ বৎসর থেকে ১০ বৎসরের মধ্যে)
ষষ্ঠ শ্রেণী	:১০+ (১০ বৎসর থেকে ১১ বৎসরের মধ্যে)

ভর্তির জন্য বয়স সেই শিক্ষাবর্ষের ৩০জুন নির্দিষ্ট ধরে, বিভিন্ন শ্রেণীতে এইভাবে নির্ধারিত হয়:

দ্বিতীয় শ্রেনী: ১.৭.২০০৩ থেকে ৩০.৬.২০০৪ এর মধ্যে, পঞ্চম শ্রেনী: ১.৭.২০০০ থেকে ৩০.৬. ২০০১ এর মধ্যে ও ষষ্ঠ শ্রেণী : ১.৭.১৯৯৯ থেকে ৩০.৬. ২০০০ এর মধ্যে হতে হবে।

এই হিসেবে অন্যান্য শ্রেণীতে বয়স-সীমা নির্ধারিত হয়। এই নিয়ম কোনক্রমে শিথিলযোগ্য নয়।

প্রার্থীর জন্মতারিখ সরকার-নির্দিষ্ট কর্তৃপক্ষের দ্বারা নির্দিষ্ট ফর্মে প্রদত্ত হওয়া প্রয়োজন। জন্মতারিখের স্বপক্ষে অন্য কোনো প্রকার সার্টিফিকেট গ্রাহ্য হবে না।

৩) **অভিভাবকগণকে প্রার্থীর জন্য দরখাস্তের সঙ্গে যোগ করতে হবে-**

ক. প্রার্থীর বয়সের প্রত্যয়িত (Attested copy) প্রমাণপত্র।
খ. তপসিলভুক্ত জাতি, উপজাতি, প্রতিবন্ধী প্রার্থীদের সরকার প্রত্যয়িত উপযুক্ত প্রমানপত্র।
গ. নিজের ঠিকানা সংবলিত ও দশ টাকার টিকিটসহ একটি ১০”x ৫” খাম।
ঘ. দু’খানি প্রত্যয়িত ফটো (ইহার মধ্যে একখানি ফটো ফর্মের যথাস্থানে লাগাতে হবে।
ঙ. <u>আবাসিক ছাত্রছাত্রীদের বিভিন্ন খাতে দেয় বেতনাদি (পরিবর্তন সাপেক্ষে)</u> :

৪) আবেদনপত্র জমা দেবার শেষ দিন ১০/০১/২০১০ দুপুর ১.০০ মিনিট।

পর পৃষ্ঠা দ্রষ্টব্য

৫) ভর্তির সময় দেয়				**প্রতিমাসে দেয়**	
১।	ভর্তি ফি	টাঃ ১০০.০০	১।	বেতন	টাঃ ১৫.০০
২।	জমানত ফি	টাঃ ৫০.০০	২।	আবাস ফি	টাঃ ২০.০০
৩।	কিচেন চার্জ	টাঃ ১৩০০.০০	৩।	কিচেন চার্জ	টাঃ ১৩০০.০০
৪।	ব্যক্তিগত খরচের পর্যয়কালীন জমা (৬ মাস অন্তর)	টাঃ ৭০০.০০	৪।	বার্ষিক চার্জ	টাঃ ৫০.০০
				(প্রতি বছরের জন্য দেয়)	
৫।	স্থায়ী জমা (ব্যক্তিগত খরচের জন্য)	টাঃ ৬০০.০০	৫।	ব্যক্তিগত খরচের (প্রতি ছ'মাসের জন্য-৭০০/- জুলাই ও জানুয়ারী মাসে দেয়)	টাঃ ১৪০০.০০

প্রতি মাসে ১০ তারিখের মধ্যে বেতনাদি জমা দিতে হবে। অভিভাবকগণ অগ্রিম টাকা জমা দিতেও পারেন। সব রকম মনি অর্ডার/ ব্যাঙ্ক ড্রাফট্, গননাধিকারিক বিশ্বভারতী, পোষ্ট- শান্তিনিকেত(Accounts Officer: Visva-Bharati, P.O.-Santiniketan, Pin-731235) - এই ঠিকানায় পাঠাতে হবে। টাকা পাঠাবার সময় প্রেরিত টাকা কোন্ খাতের জন্য তা' নির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে। পরপর দু'মাসের বেতনাদি বাকি পড়লেই ছাত্র / ছাত্রীকে বিদ্যালয় থেকে নিয়ে যাওয়ার জন্য অভিভাবককে অনুরোধ করা হবে।

উপস্থিতি : দীর্ঘকালীন অবকাশ ছাড়া কোনো ছাত্র/ছাত্রীকে বাড়ি যাওয়ার অনুমতি দেওয়া হয় না। বিশেষ কারণে অধ্যক্ষ/উপাধ্যক্ষ/ গৃহাধ্যক্ষ পরিদর্শিকার অনুমতিতে ছাত্র/ছাত্রীরা বিদ্যালয় এলাকার বাইরে যেতে পারে। নিয়মিত উপস্থিতি ও পড়াশুনার ভিত্তিতে পরবর্তী শ্রেণীতে উত্তীর্ণ করা হয়। **বৈকালে ছাত্র/ছাত্রীদের শরীরচর্চায় (খেলার মাঠে) যোগদান আবশ্যিক।**

শৃঙ্খলা ও নিয়মানুবর্তিতা : সকল ছাত্রছাত্রীকে শ্রেণী ও শ্রেণীর বাইরে নিয়মশৃঙ্খলা বজায় রেখে চলতে হবে । অধ্যক্ষ/উপাধ্যক্ষ/ গৃহাধ্যক্ষ পরিদর্শিকার অনুমতি ছাড়া কোনো ছাত্র/ছাত্রী অভিভাবক বা আত্মীয়স্বজনের সঙ্গে দেখাসাক্ষাৎ করতে পারবে না। ছাত্রছাত্রীদের সঙ্গে অভিভাবকের বেশি সাক্ষাৎ না করাই বাঞ্ছনীয়। হস্টেলে ছাত্রছাত্রীরা কোনো মূলুবান জিনিস বা টাকাপয়সা নিজের কাছে বাখবে না। অভিভাবকদের কাছে অনুরোধ - ছাত্রছাত্রীদের কাছে কোনো মূল্যবান জিনিস বা টাকাপয়সা দেবেন না। নির্দিষ্ট তালিকা অনুযায়ী পোষাক-পরিচ্ছদ দেবেন।

সব রকম পত্রালাপ- অধ্যক্ষ/উপাধ্যক্ষ: পাঠভবন, শান্তিনিকেতন, বিশ্বভারতী, বীরভূম, পিন-৭৩১২৩৫।

টেলি যোগাযোগ:বিশ্বভারতী APBX ২৬২-৭৫১ থেকে ২৬২৭৫৬(৬টি লাইন) ।এস.টি.ডি কোড-০৩৪৬৩
Extn.: পাঠভবন দপ্তর ৩২৪।

বিশ্বভারতীর সকল দপ্তর **মঙ্গলবার অর্ধদিবস ও বুধবার** পূর্ণদিবস বন্ধ থাকে *পাঠভবন দপ্তর সকাল ৬.৩০টা/৭.০০টা থেকে* ১২.৩০/ ১.০০টা পর্যন্ত খোলা থাকে।

বিশ্বভারতী website : www.Visva-bharati.ac in / Helpline : P.B.e-mail.